**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**সাধারণ শাখা**
**www.cabinet.gov.bd**

২৭ ফাল্গুন, ১৪১৬
নং- ০৪.৪১৬.০০০.০০.০০.০৩৩.২০১০-৬৬ তারিখঃ--------------------
১১ মার্চ, ২০১০

**পরিপত্র**

**বিষয় ঃ বাংলাদেশ সচিবালয়ে দর্শনার্থী প্রবেশ সংক্রান্ত নিয়মাবলী।**

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১০ই সেপ্টেম্বর ১৯৯১ ইং তারিখ ১(৪)/৮৯-মপবি(সাধারণ)/-১৯৭ নং স্মারকমূলে জারীকৃত পরিপত্রের 'অনুচ্ছেদ ৫' এ বর্ণিত নিয়মাবলী বাতিল পূর্বক নির্দেশক্রমে নিম্নোক্তভাবে সংযোজন করা হইল ঃ

"৫। যুগ্ম-সচিব অথবা তদূর্ধ কর্মকর্তা ব্যতীত ১ নং অনুচ্ছেদের (ট) ক্রমিকে উল্লেখিত ব্যক্তিবর্গের অনুকূলে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য অন্য কোন কর্মকর্তার স্বাক্ষরে প্রবেশ পত্র ইস্যু করা যাইবে না। তবে প্রয়োজনবোধে মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপ-মন্ত্রী, মন্ত্রিপরিষদ সচিব এবং বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে অবস্থিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সচিব/ভারপ্রাপ্ত সচিবগণের পক্ষে তাঁদের একান্ত সচিবগণ দৈনিক কোটা অনুসারে একদিনে যে কোন ব্যক্তির অনুকূলে কেবলমাত্র একবার প্রবেশের জন্য প্রবেশপত্র ইস্যু করিতে পারিবেন।"

২। ইহা অবিলম্বে কার্যকরী হইবে।

(ড. নাসিম আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬১৯৭১
ই-মেইলঃ general_branch@cabinet.gov.bd

বিতরণ ঃ
১। সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ), বাংলাদেশ সচিবালয়।
২। মাননীয় প্রধানমন্ত্রী/মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রীর একান্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
৩। সহকারী পুলিশ কমিশনার (নিরাপত্তা), বাংলাদেশ সচিবালয়।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সকল গেট, বাংলাদেশ সচিবালয়

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**সাধারণ শাখা**

নং-১(৭৬)/২০০৯-মপবি(সাঃঅঃ)/ ২১

তারিখ ঃ ০৬ মাঘ ১৪১৫
১৯ জানুয়ারি ২০০৯

**পরিপত্র**

জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপনের ব্যাপারে সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ১৭ ডিসেম্বর ২০০২ ইং তারিখে ১(২৩)/২০০২-মপবি(সাধারণ)/৩৩০ সংখ্যক পরিপত্র জারী করা হয়। উক্ত পরিপত্রের ৩ (ক) অনুচ্ছেদে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য জাতীয় দিবসসমূহ অন্তর্ভূক্ত রয়েছে। সম্প্রতি সরকার ১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস "জাতীয় শিশু দিবস" হিসেবে উদ্‌যাপনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করেছে। অতএব জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবসটিকে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে "জাতীয় শিশু দিবস (১৭ মার্চ)" উল্লেখিত পরিপত্রের ৩ (ক) অনুচ্ছেদে অর্ন্তভূক্ত করা হলো।

(নাসিম আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬১৯৭১

বিতরণঃ

১। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।

২। সচিব, ---------------------------------------------------------------------------- (সকল মন্ত্রণালয়/বিভাগ)।

৩। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ------------------------------------------------ (সকল)।

৫। চেয়ারম্যান/মহাপরিচালক/ব্যবস্থাপনা পরিচালক, ---------------------------------------------- (সকল)।

৬। জেলা প্রশাসক, ------------------------------------------------------------- (সকল)।

৭। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, ------------------------------------------------------- এর একান্ত সচিব (সকল)।

৮। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

# সংস্থাপন শাখা সম্পর্কিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সংস্থাপন শাখা

নং- মপবি (সংস্থা)/৯(৪)/২০০০/অংশ-২/৫৫১

তারিখ ঃ ২০ কার্তিক ১৪১৪ / ০৪ নভেম্বর ২০০৭

## পরিপত্র

**বিষয় ঃ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ গ্রহণ সম্পর্কিত সাংবিধানিক বাধ্যবাধকতা সংক্রান্ত।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান অনুসারে প্রযোজ্য ক্ষেত্রে সরকারী কর্ম কমিশনের পরামর্শ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(মোঃ জাহিদ হোসেন)
অতিরিক্ত সচিব

নং- মপবি (সংস্থা)/৯(৪)/২০০০/অংশ-২/৫৫১ (৪৮)

তারিখ ঃ ২০ কার্তিক ১৪১৪ / ০৪ নভেম্বর ২০০৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
২। সচিব/ভারপ্রাপ্ত সচিব,
...................................সকল মন্ত্রণালয়/বিভাগ।
৩। সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, তেজগাঁও, ঢাকা।
৪। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

(লিপিকা ভদ্র)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৭৩৩১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সংস্থাপন শাখা

নং- মপবি (সংস্থা)/৯(৬)/২০০৭-২৯৩

তারিখ ঃ ৯ আষাঢ় ১৪১৪ / ০৩ জুলাই ২০০৭

**পরিপত্র**

**বিষয় ঃ সরকারের উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে ভ্রমণ।**

সরকারের উচ্চ পর্যায় থেকে বিভাগ/জেলা/ উপজেলা পর্যায়ে ভ্রমণ; স্থানীয় সমস্যাদি সম্পর্কে প্রত্যক্ষভাবে অবগত হতে উর্ধ্বতন কর্মকর্তাদের সহায়তা করে। এতে সরকারের নীতিনির্ধারণ ও পরিকল্পনা প্রণয়নের কাজে জনউপযোগিতার বিষয়ে অধিকতর উপাত্ত ও তথ্য পাওয়া যায়। তদুপরি এ ধরনের ভ্রমণে সরকারের নীতি ও কর্মসূচী সম্পর্কে স্থানীয় পর্যায়ের কর্মকর্তাদের নিকট উর্ধ্বতন পর্যায় থেকে ধারণা দেয়া সম্ভব। এছাড়া এ ধরনের ভ্রমণের সময় নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের সাথে উর্ধ্বতন কর্মকর্তাগণের মিলিত হলে উপরোক্ত উদ্দেশ্য অধিকতরভাবে অর্জিত হবে বলে আশা করা যায়।

২। উপরোক্ত বিষয়টি বিবেচনায় রেখে উর্ধ্বতন কর্মকর্তাদের দেশের অভ্যন্তরে ব্যাপক ভ্রমণের বিষয়টি সরকার সবসময়ে গুরুত্ব দিয়ে থাকে। কিন্তু সরকারের উর্ধ্বতন কর্মকর্তাগণ যথাযথভাবে স্বীয় অধিক্ষেত্রে ভ্রমণ / পরিদর্শন বিষয়ে জোরদার কর্মসূচি ও অনুসরণমূলক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করছেন না মর্মে প্রতীয়মান হচ্ছে।

৩। বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের তাঁদের অধিক্ষেত্রে ভ্রমণের বাধ্যকরা প্রমাপ রয়েছে। অধিক্ষেত্রে প্রতিমাসেই একটি নির্দিষ্ট পরিমাণ রাত্রিযাপনের নির্দেশনাও রয়েছে। সে প্রমাপ অর্জনের পাশাপাশি উক্ত ভ্রমণের গুণগত দিকটি বিবেচনায় রাখা অত্যঅবশ্যক। এ ধরণের ভ্রমণে নেতৃস্থানীয় জনগনের সাথে অধিকতর সংযোগ সৃজন করে মত বিনিময় করলে স্থানীয় চাহিদা সম্পর্কে তাঁরা প্রত্যক্ষ ধারণা লাভ করার পাশাপাশি সরকারের উল্লেখযোগ্য কর্মপরিকল্পনা সম্পর্কে স্থানীয়ভাবে জনগণকে অবগত করতে পারেন। এ বিষয়েও সময়ে সময়ে জারীকৃত বিভিন্ন সরকারি নির্দেশ রয়েছে। এ ক্ষেত্রেও এ সকল ভ্রমণের গুনগত দিকটি সমানভাবে বিবেচনায় নেয়া হচ্ছে বলে লক্ষনীয় হচ্ছে না।

৪। এ অবস্থার প্রেক্ষিতে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের সচিববৃন্দ এবং বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের মফস্বলে অধিকতর হারে ভ্রমণ, প্রয়োজনীয় ক্ষেত্রে রাত্রিযাপন এবং সম্ভব্য সকল ভ্রমণকালে স্থানীয় নেতৃস্থানীয় জনগনের সাথে মিলিত হতে অনুরোধ করা যাচ্ছে। মন্ত্রণালয়/বিভাগসমূহের সচিববৃন্দ তাদের অধীনস্থ কর্মকর্তা এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার প্রধানদেরও দেশের অভ্যন্তরে এ ধরণের কার্যকরী ও ফলপ্রসু ভ্রমণের জন্য উৎসাহিত করতে পারেন।

(আলী ইমাম মজুমদার)
মন্ত্রিপরিষদ সচিব

১। সচিব
..........................................মন্ত্রণালয়/বিভাগ।

২। বিভাগীয় কমিশনার (সকল),
.......................................... বিভাগ।

৩। জেলা প্রশাসক (সকল),
.......................................... জেলা।

# মন্ত্রিসেবা শাখা সম্পর্কিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিসেবা শাখা
**www.cabinet.gov.bd**

নং-০৪.৪২২.০৪৭.০০.০০.০০১.২০১০/১৬৭ তারিখঃ ১১অক্টোবর ২০১০

বিষয়ঃ বাংলাদেশ নির্বাচন কমিশনের নির্বাচন কমিশনারগণকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভি.আই.পি লাউঞ্জ ব্যবহারকারীদের তালিকায় অন্তর্ভুক্তকরণ এবং প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারগণকে অবসর পরবর্তী ০৩ (তিন) বছর পর্যন্ত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভি.আই.পি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রদান।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভি.আই.পি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত প্রচলিত নীতিমালায় (Instructions regarding use of the VVIP and VIP Lounges at the Hazrat Shahjalal International Airport, revised up to April 2010) নিম্নরুপ সংশোধন আনয়ন করা হলোঃ

'বাংলাদেশ নির্বাচন কমিশনের নির্বাচন কমিশনারগণকে স্বীয় পদে থাকাকালীন সময়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভি.আই.পি লাউঞ্জ ব্যবহারকারীদের তালিকায় অন্তর্ভুক্ত করা হলো এবং প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারগণকে তাঁদের অবসর পরবর্তী ০৩ (তিন) বছর পর্যন্ত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভি.আই.পি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রদান করা হলো।'

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(কাজী নিশাত রসুল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬০১২৬
E- mail : mss_sec@cabinet.gov.bd

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**মন্ত্রী ও সচিব সেবা শাখা**

স্মারক নং-মপবি/মসসেবা/৫(৬)/২০০৩/১১৪ তারিখ ঃ ২৭/০৩/২০০৭

**বিষয়ঃ আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারকগণকে [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারকারীদের তালিকায় অন্তর্ভূক্তকরণ প্রসঙ্গে।**

[২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত প্রচলিত নীতিমালা সংশোধনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ২৬ ডিসেম্বর ২০০৬ তারিখে মপবি/ম.স.সেবা/৫(৬)/২০০৩-৭৭ মূলে জারীকৃত নির্দেশ নিম্নরূপ সংশোধন করা হলো ঃ

'আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারকগণ তাঁদের অবসর গ্রহণের পর ০৩ (তিন) বছর [৩][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রাপ্ত হবেন।'

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(লুৎফুন নাহার বেগম)
উপসচিব
ফোনঃ ৭১৬৬১৮১

[১-৩] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রী ও সচিব সেবা শাখা**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

নং-মপবি/ম,স,সেবা/৫(৬)/২০০৩/৯৯

তারিখ ঃ ২৬ মাঘ ১৪১৩ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০০৭ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ নোবেল শান্তি পুরস্কার বিজয়ী ও গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা প্রফেসর মুহাম্মদ ইউনূসকে আজীবন [১][হযরত শাহ্জালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রদান প্রসঙ্গে।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, [২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত প্রচলিত নীতিমালায় (Instructions regarding use of the VVIP and VIP Lounges at the [3][Hazrat Shahjalal] International Airport, revised up to July, 1986) নিম্নরূপ সংশোধন আনয়ন করা হলো ঃ

নোবেল শান্তি পুরস্কার বিজয়ী ও গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা প্রফেসর মুহাম্মদ ইউনূসকে আজীবন [৪][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের সুবিধা প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(শেখ মাসুম কামাল)
সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৯৫৬০১২৬

---

১-৪ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রী ও সচিব সেবা শাখা**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

নং-মপবি/ম,স,সেবা/৫(৬)/২০০৩/৮৭

তারিখ ঃ ০৪ মাঘ ১৪১৩ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০০৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সেনাবাহিনীর প্রধানসহ মেজর জেনারেল ও সমপর্যায়ের নৌ/বিমান বাহিনীর কর্মকর্তাদের অবসর গ্রহণের পর ০৩ (তিন) বছর [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রদান প্রসঙ্গে।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, [২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত প্রচলিত নীতিমালায় (Instructions regarding use of the VVIP and VIP Lounges at the [3][Hazrat Shahjalal] International Airport, revised up to July, 1986) নিম্নরূপ সংশোধন আনয়ন করা হলো :

সেনা, নৌ এবং বিমান বাহিনীর প্রধানসহ সেনাবাহিনীর মেজর জেনারেল ও তদুর্ধ পর্যায়ের কর্মকর্তাসহ নৌ/বিমান বাহিনীর সমপর্যায়ের কর্মকর্তাগণ তাঁদের অবসর গ্রহণের পর পরবর্তী ০৩ (তিন) বছর পর্যন্ত [৪][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রাপ্ত হবেন।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(শেখ মাসুম কামাল)
সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৯৫৬০১২৬

---

[১-৪] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রী ও সচিব সেবা শাখা**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

নং-মপবি/ম,স,সেবা/৫(৬)/২০০৩-৭৭ তারিখঃ ২৬ ডিসেম্বর ২০০৬ খ্রিষ্টাব্দ
১২ পৌষ ১৪১৩ বঙ্গাব্দ

বিষয়ঃ বাংলাদেশের প্রধান বিচারপতি, আপীল বিভাগের বিচারপতি, হাইকোর্ট বিভাগের বিচারপতিদের নাম [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ ব্যবহারকারীদের তালিকায় অর্ন্তভুক্তিকরণ প্রসঙ্গে।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, [২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত প্রচলিত নীতিমালায় [Instructions regarding use of the VVIP and VIP Lounges at the [3][Hazrat Shahjalal] International Airport, revised up to July, 1986] নিম্নরূপ সংশোধন আনয়ন করা হলো:

বাংলাদেশের প্রধান বিচারপতি, আপীল বিভাগের বিচারপতি, হাইকোর্ট বিভাগের বিচারপতিগণ তাঁদের অবসর গ্রহণের পর ০৩ (তিন) বছর [৪][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রাপ্ত হবেন।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(শেখ মাসুম কামাল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬০১২৬

---

[১-৪] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২)

৬—

তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রী ও সচিব সেবা শাখা**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

নং-মপবি/ম,স,সেবা/৫(৬)/২০০৩-৫০(৬০)

তারিখ ঃ ৩১ অক্টোবর ২০০৬ খ্রিষ্টাব্দ
১৬ কার্তিক ১৪১৩ বঙ্গাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সরকারের মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, প্রধান উপদেষ্টা, উপদেষ্টা, তদমর্যাদাসম্পন্ন সকল ব্যক্তি ও সংসদ সদস্যগণকে তাঁদের মেয়াদ পূর্তি শেষে এবং সচিববৃন্দের অবসর গ্রহণের পর [1][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার প্রসঙ্গে।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, [2][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত প্রচলিত নীতিমালায় ['Instructions regarding use of the VVIP and VIP Lounges at the [3][Hazrat Shahjalal] International Airport, revised up to July, 1986]' নিম্নরূপ সংশোধন আনয়ন করা হলো:

'বাংলাদেশ সরকারের মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, প্রধান উপদেষ্টা, উপদেষ্টা, তদমর্যাদা সম্পন্ন সকল ব্যক্তি ও সংসদ সদস্যগণ তাঁদের মেয়াদ শেষ হওয়ার পর এবং সচিবগণ অবসর গ্রহণের পর ০৩ (তিন) বছর [4][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রাপ্ত হবেন।'

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(শেখ মাসুম কামাল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬০১২৬

---

[১-৪] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রী ও সচিব সেবা শাখা**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

নং-মপবি/ম,স,সেবা/৫(৬)/২০০৩/৩৭ তারিখ ২৮সেপ্টেম্বর ২০০৬ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিভিআইপি/ ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে [২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিভিআইপি/ ভিআইপি লাউঞ্জ ব্যবহারের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে 'Instructions regarding use of the VVIP and VIP Lounges at the [3][Hazrat Shahjalal] International Airport (Revised up to July, 1986)' শিরোনামে জারীকৃত ৬ই মার্চ, ১৯৮৩ তারিখের নং ২২/১১/৮১-রুলস/৫১ সংখ্যক অফিস স্মারকে নিম্নোক্ত সংশোধন/সংযোজন করা হলো:

"মন্ত্রিপরিষদ সচিব এবং মুখ্য সচিব অবসর গ্রহণের পরও কমপক্ষে ০৩ (তিন) বছর [৪][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রাপ্ত হবেন।"

স্বাঃ/-
(শেখ মাসুম কামাল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬০১২৬

[১-৪] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

# বিধি অধিশাখা সম্পর্কিত

**Act/Ordinance সংক্রান্ত**

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১লা আগস্ট, ২০১০/১৭ই শ্রাবণ, ১৪১৭

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১লা আগস্ট, ২০১০ (১৭ই শ্রাবণ, ১৪১৭) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ

**২০১০ সনের ৪৪ নং আইন**

**Bangladesh National Anthem, Flag and Emblem Order,1972 এর সংশোধনকল্পে প্রণীত আইন।**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Bangladesh National Anthem, Flag and Emblem Order,1972 (P.O.No. 130 0f 1972) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**– (১) এই আইন Bangladesh National Anthem, Flag and Emblem (Amendment) Act, 2010 নামে অভিহিত হইবে;

(২) **ইহা অবিলম্বে কার্যকর হইবে।**

২। **P.O.No. 130 0f 1972 তে নূতন section 4A এর সন্নিবেশ।**– Bangladesh National Anthem, Flag and Emblem Order,1972 (P.O.No. 130 0f 1972) অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর section 4 এর পর নিম্নরূপ একটি নূতন section 4A সন্নিবেশিত হইবে, যথাঃ-

"4A. Whoever Contravenes any provision of this Order or of any rules made thereunder shall be punishable with imprisonment for a term which may extend to one year or with fine which may extend to Taka five thousand, or with both."।

৩। **P.O.No. 130 0f 1972 এর section 5 এর প্রতিস্থাপন।**- উক্ত Order এর section 5 এর পরিবর্তে নিম্নরূপ section 5 প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"5. The Government may, by notification in the Official Gazette, make rules for carrying out the purposes of this Order."।

আশফাক হামিদ

সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১২ই এপ্রিল, ২০১০/২৯শে চৈত্র, ১৪১৬
২০১০ সনের ১৯ নং আইন

**Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন।**

**বিল**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 (Act No. IV of 1973) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) (Amendment) Act, 2010 নামে অভিহিত হইবে।

(২) এই আইনের

(ক) ধারা ৩, ১ জুলাই, ২০০৯ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে ; এবং

(খ) অন্যান্য ধারাসমূহ ১ জুলাই, ২০১০ তারিখে কার্যকর হইবে।

২। **Act No. IV of 1973 এর section 2 এর সংশোধন।**— Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 (Act No. IV of 1973), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 2 এর sub-section (1) এর—

(ক) clause (a) এ উল্লিখিত "wife" শব্দের পরিবর্তে "spouse" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

(খ) clause (c) এর প্রান্তস্থিত ফুলস্টপ এর পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন clause (d) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(ধ) "home residence" means the own residence of a Minister other than the official residence." ।

৩। **Act No. IV of 1973 এর section 3 এর সংশোধন।**—উক্ত Act এর section 3 এর sub-section (1) এ "29,000", "26,100" এবং "24,650" সংখ্যাসমূহ ও কমাসমূহের পরিবর্তে, যথাক্রমে, "53,100", "47,800" এবং "45,150" সংখ্যাসমূহ ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।

৪। **Act No. IV of 1973 এর section 4 এর সংশোধন।**—উক্ত Act এর section 4 এর sub-section (1) এর clause (b) এর "one hundred and twenty maunds" শব্দসমূহের পরিবর্তে "4,500 kilogram" সংখ্যা, কমা ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

৫। **Act No. IV of 1973 এর section 7 এর সংশোধন।**—উক্ত Act এর section 7 এর—

(ক) sub-section (2) এর—

(অ) clause (a) এর "1,50,000" সংখ্যাসমূহ ও কমাসমূহের পরিবর্তে "5,00,000" সংখ্যাসমূহ ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) clause (b) এর "1,00,000" সংখ্যাসমূহ ও কমাসমূহের পরিবর্তে "4,00,000" সংখ্যাসমূহ ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে;

(খ) sub-section (3) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (3) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(3) If, at the time of entering upon office, an official residence is not available, a Minister, Minister of State or Deputy Minister shall, until such residence is provided by the Government, be entitled to receive—

(a) as house rent an amount of—

(i) Taka 45,000 per mensem, in the case of a Minister;

(ii) Taka 40,000 per mensem, in the case of a Minister of State or Deputy Minister; and

(b) every year for maintenance of such house, an amount equivalent to three months house rent admissible to him under this section; and

(c) all costs for supply of electricity, gas, water, telephone and the like at such residence."।

৬। **Act No. IV of 1973 এর section 8 এর সংশোধন।**—উক্ত Act এর section 8 এর—

(ক) sub-section (2) এর—

(অ) clause (a) (iii) এর প্রথম লাইনে "three maunds" শব্দসমূহের পরিবর্তে "112 kilogram" এবং দ্বিতীয় লাইনে "six maunds" সংখ্যা ও শব্দসমূহের পরিবর্তে "224 kilogram" সংখ্যাসমূহ ও শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(আ) clause (aa) (iii) এর "three maunds" শব্দসমূহের পরিবর্তে "112 kilogram" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ই) clause (b) (iii) এর "three maunds" শব্দসমূহের পরিবর্তে "112 kilogram" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

(খ) sub-section (3) এর—

(অ) clause (a)(iv) এর "three maunds" শব্দসমূহের পরিবর্তে "112 kilogram" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(আ) clause (aa)(iv) এর "three maunds" শব্দসমূহের পরিবর্তে "112 kilogram" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ই) clause (b)(iii) এর "three maunds" শব্দসমূহের পরিবর্তে "112 kilogram" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

(গ) sub-section (4) এর—

(অ) clause (a)(ii) এর "one hundred pounds" শব্দসমূহের পরিবর্তে "45.00 kilogram" এবং clause (a)(v) এর "three maunds" শব্দসমূহের পরিবর্তে "112 kilogram" সংখ্যাসমূহ ও শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(আ) clause (aa)(ii) এর "seventy five pounds" শব্দসমূহের পরিবর্তে "34.00 kilogram" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ই) clause (b)(ii) এর "seventy five pounds" শব্দসমূহের পরিবর্তে "34.00 kilogram" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং

(ঘ) sub-section (5) এর "five miles" শব্দসমূহের পরিবর্তে "8.00 kilometer" এবং উক্ত sub-section এর clause (b) "three maunds" শব্দসমূহের পরিবর্তে "112 kilogram" সংখ্যাসমূহ ও শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।

৭। **Act No. IV of 1973 এর section 10 এর সংশোধন।**—উক্ত Act এর section 10এর sub-section 3 এর "five miles" শব্দসমূহের পরিবর্তে "8.00 kilometer" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

৮। **Act No. IV of 1973 এর section 13 এর সংশোধন।**—উক্ত Act এর section 13 এর পরিবর্তে নিম্নরূপ section 13 প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"**13. Medical Facilities.**—(1) A Minister, Minister of State or Deputy Minister and his family shall be entitled to such medical facilities as may be prescribed by rules made under this Act.
(2) Until rules are made under sub-section (1), Medical Attendance Rules, 1950 shall be applicable to a Minister, Minister of State or Deputy Minister and his family."।

৯। **Act No. IV of 1973 এর section 14 এর সংশোধন।**—উক্ত Act এর section 14 এর—

(ক) sub-section (1)(a), এর clause (1)(b) এবং sub-section (2)(a) এর শর্তাংশে "Establishment Division" শব্দসমূহের পরিবর্তে "Ministry of Establishment" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(খ) sub-section (1)(b) এবং sub-section (2)(a) এর "Section Officer" শব্দসমূহের পরিবর্তে "Assistant Secretary or Senior Assistant Secretary" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(গ) sub-section (1) এর clause (c) এর পরিবর্তে নিম্নরূপ clause (c) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(c) two Personal Officers of grade 10 of the National Pay Scale or Personal Assistants of grade 14 of the National Pay Scale to be appointed from outside at the choice of the Minister or the Minister of State and such a person shall hold his post during the pleasure of the Minister or the Minister of State, as the case may be, and so long as the Minister or the Minister of State holds his office;";

(ঘ) sub-section (1)(f) এর "peons" এবং sub-section (2)(e) এর "peon" শব্দের পরিবর্তে, উভয় স্থানে, "MLSS" শব্দ প্রতিস্থাপিত হইবে।

১০। **Act No. IV of 1973 এ নূতন section 15A এর সন্নিবেশ।**— উক্ত Act এর section 15 এর পর নিম্নরূপ নূতন section 15A সন্নিবেশিত হইবে, যথাঃ—

"**15A. Telephone at office and official residence, mobile phone, etc. facilities.**– A Minister, Minister of State and Deputy Minister shall be entitled to have telephone, internet or Information Communication technology (ICT) at office & official residence and mobile phone facilities as provided in the Integrated Government Telephone Policies."

১১। **Act No. IV of 1973 এর section 16 এর সংশোধন।**—উক্ত Act এর section 16 এর sub-section (1) এর—

(ক) clause (a) এর "Taka 3,00,000" শব্দ, সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে "Taka 4,00,000" শব্দ, সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে;

(খ) clause (b) এর "Taka 2,00,000" শব্দ, সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে "Taka 3,00,000" শব্দ, সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) clause (c) এর "Taka 1,50,000" শব্দ, সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে "Taka 3,00,000" শব্দ, সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।

আশফাক হামিদ
সচিব

৭—

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১২ই এপ্রিল, ২০১০/২৯শে চৈত্র, ১৪১৬

২০১০ সনের ১৮ নং আইন

**Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন।**

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 (Act No. IX of 1975) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন The Prime Minister's (Remuneration and Privileges) (Amendment) Act, 2010 নামে অভিহিত হইবে;

**(২) এই আইনের ধারা ৩, ১ জুলাই, ২০০৯ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং অন্যান্য ধারাসমূহ ১ জুলাই, ২০১০ তারিখে কার্যকর হইবে।**

২। **Act No. IX of 1975 এর section 2 এর সংশোধন।**—Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 (Act No. IX of 1975), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 2 এর Clause (a) এ উল্লিখিত "wife" শব্দের পরিবর্তে "spouse" শব্দ প্রতিস্থাপিত হইবে।

৩। **Act No. IX of 1975 এর section 3 এর সংশোধন।**—উক্ত Act এর section 3 এ উল্লিখিত "32,000" সংখ্যা ও কমার পরিবর্তে "58,600" সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে।

৪। **Act No. IX of 1975 এর section 5 এর সংশোধন।**—উক্ত Act এর section 5 এর clause (b) এ উল্লিখিত "one hundred and twenty maunds" শব্দগুলির পরিবর্তে "4,500 kilogram" সংখ্যা, কমা ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

৫। **Act No. IX of 1975 এর section 7 এর সংশোধন।**—উক্ত Act এর section 7 এর sub-section (4) এর—

(১) clause (b) এ উল্লিখিত "one hundred and fifty pounds" শব্দগুলির পরিবর্তে "68 kilogram" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(২) clause (e) এ উল্লিখিত "five maunds" শব্দগুলির পরিবর্তে "187 kilogram" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

৬। **Act No. IX of 1975 এর section 12 এর প্রতিস্থাপন।**—উক্ত Act এর section 12 এর পরিবর্তে নিম্নরূপ section 12 প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"12 Medical facilities.—**The Prime Minister and his family shall be entitled free of charge, to treatment at any hospital in Bangladesh that can, in the opinion of his physician, provide necessary and suitable treatment**:

**Provided that the Prime Minister and his family shall ordinarily be entitled to receive medical treatment at the residence:**

Provided further that the Prime Minister and his family may, if so advised by his physician, receive medical treatment abroad or consult a foreigner or a physician other than his own and receive such other treatment at the Government cost as may be prescribed." ।

৭। **Act No. IX of 1975 এর section 15 এর সংশোধন।**—উক্ত Act এর section 15 এর sub-section (1) এ উল্লিখিত "50,00,000" সংখ্যা ও কমাগুলির পরিবর্তে "1,00,00,000" সংখ্যা ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**বাংলাদেশ জাতীয় সংসদ**

ঢাকা, ১২ এপ্রিল, ২০১০/২৯শে চৈত্র, ১৪১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ১২ই এপ্রিল, ২০১০ (২৯শে চৈত্র, ১৪১৬) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্দ্বারা এই আইনগুলি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ

**২০১০ সনের ১৭ নং আইন**

President's (Remuneration and Privileges) Act, 1975 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন।

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে President's(Remuneration and Privileges) Act, 1975 (VII of 1975) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—(১) এই আইন The President's (Remuneration and Privileges) (Amendment ) Act, 2010 নামে অভিহিত হইবে।

(২) এই আইনের ধারা ৩, ১ জুলাই, ২০০৯ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং অন্যান্য ধারাসমূহ ১ জুলাই, ২০১০ তারিখে কার্যকর হইবে।

২। **Act No. VII of 1975 এর section 2 এর সংশোধন।**—The President's (Remuneration and Privileges) Act, 1975 (VII of 1975) এর section 2 এর —

(ক) Clause (a) এর প্রথম লাইনে **'wife'** শব্দের পরিবর্তে **'spouse' শব্দ** প্রতিস্থাপিত হইবে।

(খ) Clause (b)এর sub-clause (iii) এ উল্লিখিত **'oil and petrol'** শব্দগুলির পরিবর্তে **'fuel & lubricant'** শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। **Act No. VII of 1975 এর section 3 এর সংশোধন।**— উক্ত Act এর section 3 এ উল্লিখিত "33,400" সংখ্যা ও কমার পরিবর্তে " 61,200" সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে।

৪। **Act No. VII of 1975** এর **section 8** ও **schedule** এর সংশোধন।— উক্ত Act এর section 8 এর sub section (1) এবং Schedule এ উল্লিখিত **"sales tax"** শব্দগুলির পরিবর্তে **"value added tax(VAT)"** শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। **Act No. VII of 1975 এর section 10 এর প্রতিস্থাপন।**— উক্ত Act এর section 10-এর পরিবর্তে নিম্নরূপ section 10 প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"**10. Medical facilities.**—The President and his family shall be entitled free of charge, to treatment at any hospital in Bangladesh, that can, in the opinion of his physician, provide necessary and suitable treatment.

Provided that the President and his family shall ordinarily be entitled to receive medical treatment at the residence;

Provided further that the President or his family may, if so advised by his physician, receive medical treatment abroad or consult a foreigner or a physician other than his own and receive such other treatment at Government cost as may be prescribed. "

৬। **Act No. VII of 1975 এর section 13 এর সংশোধন।**— উক্ত Act এর section 13এর—

(ক) উপান্তটীকায় উল্লিখিত "Wife" শব্দের পরিবর্তে "Spuse" শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) "Wife" শব্দের পরিবর্তে "Spuse" শব্দ প্রতিস্থাপিত হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪শে ফেব্রুয়ারি,২০০৯/১২ ই ফাল্গুন,১৪১৫

**সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৪শে ফেব্রুয়ারি, ২০০৯ (১২ই ফাল্গুন, ১৪১৫) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ**

**২০০৯ সনের ৭ নং আইন**

**President's (Remuneration and Privileges) Act, 1975 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে President's (Remuneration and Privileges) Act, 1975 (Act No. VII of 1975) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।- (১) এই আইন President's (Remuneration and Privileges) (Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৭ সেপ্টেম্বর ২০০৭ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **Act No. VII of 1975 এর section 7 এর সংশোধন**।- President's (Remuneration and Privileges) Act, 1975 (Act No. VII of 1975) এর section 7 এর sub-section (1) এর "50,00,000" সংখ্যা ও কমাগুলির পরিবর্তে "1,00,00,000" সংখ্যা ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। **রহিতকরণ ও হেফাজত**।- The President's (Remuneration and Privileges) (Amendment) Ordinance, 2007 (২০০৭ সনের ২০ নং অধ্যাদেশ) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) রহিত অধ্যাদেশ এর অধীন কৃত সকল কাজ-কর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**আশফাক হামিদ**
**সচিব।**